



শেরপুর-৩ আসনে জামায়াত প্রার্থীর মৃত্যুতে নির্বাচন স্থগিত



মোহাম্মদ নুরুজ্জামান (বাদল)। ছবি: সংগৃহীত

শেরপুর-৩ (শ্রীবরদী-বিনাইগাতী) আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী মোহাম্মদ নুরুজ্জামান (বাদল) মারা গেছেন। মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) রাত প্রায় ৩টার দিকে কিডনিজনিত অসুস্থতায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

তাঁর মৃত্যুর পর গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) অনুযায়ী ওই আসনের নির্বাচন স্থগিত করা হয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ। জামায়াতে ইসলামীর ভেরিফায়েড ফেসবুক পেজে রাত ৩টা ২৪ মিনিটে দেওয়া এক পোস্টে মৃত্যুর খবর জানানো হয়। দলের আমির ডা. শফিকুর রহমানও পৃথক পোস্টে শোক প্রকাশ করে জানান, নুরুজ্জামান শেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ছিলেন এবং প্রতিকূল পরিস্থিতির মধ্যেও নির্বাচনী কার্যক্রম চালিয়ে গেছেন।

আরপিও ১৯৭২-এর ধারা ১৭ অনুযায়ী, মনোনয়নপত্র প্রত্যাহারের সময়সীমা পেরিয়ে ভোটের আগে কোনো বৈধ প্রার্থীর মৃত্যু হলে সংশ্লিষ্ট আসনের নির্বাচন কার্যক্রম তাৎক্ষণিকভাবে স্থগিত করতে হয়। পরে রিটার্নিং কর্মকর্তা গণবিজ্ঞপ্তি দিয়ে বিষয়টি জানাবেন এবং নির্বাচন কমিশন নতুন তফসিল ঘোষণা হবে।